

শিশুদের জন্য বাইবেল
নিবেদন করছে

যীশু এক
মহান
শিক্ষক



লেখক: Edward Hughes

অনুব্রূক: Manab Biswas

চিত্রাংকন: Byron Unger; Lazarus

অভিযোজন: E. Frischbutter; Sarah S.

গল্প ৬০ এর ৪২

www.M1914.org

Bible for Children, PO Box 3, Winnipeg, MB R3C 2G1 Canada

স্বত্বাধিকার: গল্পটির অনুলিপি বা প্রিন্ট ব্যবহার করা যাবে তবে বিক্রয় করা যাবে না।

বাংলা

Bengali




যীশু একজন মহান
শিক্ষক ছিলেন। সর্বসময়ের জন্য
শ্রেষ্ঠ। জনতা তার কথা শুনত। যীশু
তাদের বলেছিলেন দয়াশীল,
ভালো, করুণাময় হতে।

1



হতে পারে অন্যরা তাদের ঘৃণা
ও আঘাত করে, কিন্তু ঈশ্বর
তাদের দেখাশোনা
করবেন।


2



যীশু অনেক কিছু শিখিয়েছিলেন। তিনি বলেছিলেন ঈশ্বরের লোকেরা জগৎকে আলো দেখাবে, যেমন একটি মোমবাতি ঘরকে আলো দেয়। অন্ধকার ঘরে একটি মোমবাতি কতটা তফাৎ তৈরি করে।

3

যারা “চোখের পরিবর্তে চোখ, দাঁতের পরিবর্তে দাঁত” নেওয়ার প্রতিশোধে বিশ্বাস করত, যীশু তাদের দয়া, ক্ষমা এবং প্রেম করতে শিখিয়েছিলেন। এমনকি শত্রুদের প্রতিও।



4



যীশুর সময়ে কিছু লোক পবিত্র হওয়ার ভান করত। যখন কোনও গরিব লোককে তারা পয়সা দিত, অন্য একটি লোক ডঙ্কা বাজাত, যাতে অন্যেরা তা দেখতে পায়।

5



কিন্তু যীশু বললেন, “তোমরা চুপিচুপি দান কর, ঈশ্বর তোমাদের পুরস্কৃত করবেন”।

6



ঠিক সেইভাবে তিনি প্রার্থনার বিষয়ে বললেন। কিছু লোকেরা ব্যস্ত রাস্তার ধারে প্রার্থনা করে, যাতে সকলে তাকে দেখতে ও শুনতে পায়। তারা ঈশ্বর সম্বন্ধে মনোযোগ দিত না।

7



অন্যেরা তাদের বিষয়ে কী ভাবছে, তারা সেই বিষয়ে মনোযোগ দিত। যীশু তাদের ভণ্ড বা অভিনেতা বলতেন।

8

শিষ্যদের কাছে ব্যাখ্যা করার জন্য যীশু প্রায়ই উপমা ব্যবহার করতেন। উদাহরণস্বরূপ, তিনি পাখির উপমা দিতেন। তিনি বললেন, “তোমার স্বর্গীয় পিতা ওদের খাদ্য দেন, উদ্বিগ্ন হোয়ো না, ঈশ্বর তোমাকেও খাদ্য জোগাবেন”।



9

যীশু বলে চললেন, “লিলি ফুল যেমন পরে, ধনী রাজা শলোমনও এত ভালো কাপড় পরত না। যদি ঈশ্বর মাঠের ঘাসকে বস্ত্র দেন, তিনি কি তোমাকে কাপড় দেবেন না”।



10

যিনি আমাদের প্রয়োজন মেটান, সেই ঈশ্বরকে বিশ্বাস করা সম্বন্ধে যীশু লোকদের শিক্ষা দিয়েছিলেন।




11

যীশু বললেন, “তুমি যদি তোমার ভাইকে বিচার কর, তাহলে এটা ঠিক যেন তুমি তার চোখের ভিতরের ধুলোর কণা বার করছ, যখন তোমার চোখের মধ্যে কড়িকঠ রয়েছে”। বোধহয় লোকেরা ফিকফিক হাসছিল, কিন্তু তার অথটা তাদের চিন্তা করতে হবে।



12

যীশু বললেন, সাহায্যের জন্য ঈশ্বরের কাছে বল। ক্ষুধার্ত সন্তান যখন তার বাবার কাছে রুটি চায়, তখন কি বাবা তাকে পাথর দেয়? না! তারা ভালো জিনিসই দেন। যারা ঈশ্বরের কাছে চায়, তিনি তাদের ভালো জিনিসই দেন।




13

যীশু, ভণ্ড শিক্ষকদের থেকে সাবধান করলেন, “তারা মেষশাবকের বেশ ধরে, কিন্তু ভেতরা তারা কেন্দুয়ার মতো”। তিনি বললেন, ভণ্ড শিক্ষকরা তাদের জীবনযাত্রা দ্বারা ই পরিচিত হবে।




14


একটি গল্পের মাধ্যমে
যীশু বললেন, যারা
ঈশ্বরের বাক্য মান্য
করে, তারা এমন
একজন মানুষের মতো,
যে পাথরের উপর
তার ঘর বানায়।



এক ভয়ঙ্কর ঝড়
উঠল। ঝড় যখন
থামল, তখনও ঐ
ঘরটি স্থির হয়ে
দাঁড়িয়ে রইল।



কিন্তু একটি বোকা মানুষ বালির উপর ঘর বানাতে। যখন
তার উপরে ঝড় এল, দুর্বল গাঁথনির জন্য ঘরটা ভেঙে
পড়ল। যীশু বললেন, যারা ঈশ্বরের বাক্য মান্য করে না,
তারা ঐ লোকটার মতো।



যীশুর বাক্যেতে লোকেরা অবাক
হয়ে গেল। এর আগে তারা এইরকম
শোনেননি। এখন তারা জানতে
পেরেছে যে, ঈশ্বরের বাক্য শোনা
যথেষ্ট নয়, সেগুলিকে মান্যও
করতে হবে।



যীশু এক মহান শিক্ষক

ঈশ্বরের বাক্য থেকে বাইবেলের গল্প, বাইবেল,

যেখানে পাওয়া যায়

মথি ৫-৭; লুক ৬

“তোমার বাক্য প্রকাশিত হলে তা আলো দান করে।”

গীতসংহিতা ১১৯:১৩০

ঈশ্বর জানেন আমরা মন্দ কাজ করেছি, যাকে তিনি পাপ বলেন। পাপের
শাস্তি হচ্ছে মৃত্যু।

ঈশ্বর আমাদের এতই ভাল বাসলেন যে তিনি তাঁর একমাত্র পুত্র যীশুকে
পাঠালেন যেন আমাদের পাপের শাস্তিভঙ্গরূপে তিনি ক্রুশে মৃত্যুবরণ করেন।
যীশু মৃত্যু থেকে জীবিত হলেন এবং স্বর্গে চলে গেলেন। এখন ঈশ্বর
আমাদের পাপ ক্ষমা করতে পারেন।

আপনি যদি আপনার পাপ থেকে মন ফিরাতে চান তাহলে ঈশ্বরের উদ্দেশ্যে
এই কথাগুলো বলুন:

প্রিয় প্রভু, আমি বিশ্বাস করি যীশু আমার জন্য মরেননি এবং আবার জীবিত
হয়েছেন। দয়াকরে আমার জীবনে এসো, যেন আমি নতুন জীবন পেতে
পারি, এবং তোমার সংগে যেন অনন্ডকাল ধরে থাকতে পারি। আমাকে
সাহায্য কর যেন তোমার সন্দ্বন্দন হিসাবে বেচে থাকতে পারি। আমেন।

বাইবেল পড়ুন এবং প্রতিদিন ঈশ্বরের সংগে কথা বলুন!